# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
গোপনীয় শাখা
আগারগাঁও, ঢাকা-১২১০
www.bteb.gov.bd


স্মারক নম্বর: ৫৭.১৭.০০০০.৩১০.৯৯.০২৫.২৪.৪৭২

তারিখ: ২৬ শ্রাবণ, ১৪৩২ বঙ্গাব্দ
১০ আগস্ট, ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: প্রশ্নপত্র প্রেরণের খালি ট্রাংক ফেরত প্রদান প্রসঙ্গে।

উপরিল্লিখিত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে পরিচালিত এইচএসসি (বিএমটি/বিএম), এইচএসসি (ভোকেশনাল) ও ডিপ্লোমা ইন কমার্স পরীক্ষা-২০২৫ এবং এসএসসি (ভোকেশনাল), দাখিল (ভোকেশনাল) সমাপনী পরীক্ষা-২০২৫ এর জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরিত প্রশ্নপত্রের ট্রাংক ও প্রতিষ্ঠানে সংরক্ষিত ট্রাংক (যদি থাকে) সংশ্লিষ্ট কেন্দ্র সচিব/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ সংগ্রহ করে (প্রতি ট্রাংকে ০২ টি করে তালা ও প্রতিটি তালার ০৩ টি করে চাবি) নিজ দায়িত্বে পত্র প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে বোর্ডে পৌঁছানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। ট্রাংক প্রেরণের সময় প্রতিটি তালার চাবিগুলো তালার সাথে প্যাঁচিয়ে ট্রাংকের ভিতরে দিয়ে দিতে হবে। ট্রাংকের বাইরে প্রতিষ্ঠানের কোড, ট্রাংক নম্বর ও মোট সংখ্যা লিখে স্টিকার লাগাতে হবে এবং প্রতিষ্ঠানের পত্রসহ পাঠাতে হবে। অন্যথায় বোর্ডের রেজিস্টার বইতে এন্ট্রি করার সুযোগ থাকবে না বিধায় ট্রাংক বোর্ডে প্রেরণ করা হয়নি বলে বিবেচিত হবে।

৩। হাতে হাতে ট্রাংক প্রেরণের ক্ষেত্রে বোর্ডের রিসিভ কপি সংরক্ষণ করতে হবে এবং ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে প্রেরণের ক্ষেত্রে বোর্ডে ট্রাংক গ্রহণ করা হয়েছে তার রিসিভ কপি সংগ্রহ করতে হবে।

১০/০৮/২০২৫
(প্রকৌশলী মোঃ আবুল কালাম আজাদ)
পরীক্ষা নিয়ন্ত্রক
☏ ০২-৫৫০০৬৫২৫
✉ bteb.controller@gmail.com

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপারিনটেনডেন্ট/কেন্দ্র সচিব/ভারপ্রাপ্ত কর্মকর্তা

.........................................................সংশ্লিষ্ট সকল কেন্দ্র

স্মারক নম্বর: ৫৭.১৭.০০০০.৩১০.৯৯.০২৫.২৪.৪৭২

তারিখ: ২৬ শ্রাবণ, ১৪৩২ বঙ্গাব্দ
১০ আগস্ট, ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:**

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
৩। জেলা প্রশাসক, সংশ্লিষ্ট সকল জেলা
৪। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
৫। উপজেলা নির্বাহী অফিসার, সংশ্লিষ্ট সকল উপজেলা
৬। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৭। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
৮। অফিস নথি।

(প্রকৌ. মোঃ মামুনুল ইসলাম)
উপপরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়)
☏ ০২-৫৫০০৬৫৩২
✉ dcconbteb@gmail.com